

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বাস্থ্য অধিদপ্তর

মহাখালী, ঢাকা।

নথি নং স্বাঃডিঃ/প্রাঃস্বাঃপঃ/ফেপী/গ্রামডাক্তার প্রশিক্ষণ/২০১৯/৮০০

তারিখ : ২৬/১০/২০২০

বিষয় : উপজেলা পর্যায়ে গ্রাম ডাক্তারদের পেশাগত দক্ষতা বৃদ্ধির জন্য রিফ্রেশার প্রশিক্ষণ, প্রশিক্ষণের স্থান ও সময় সুচি অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : ১। স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং স্বাঃডিঃ/প্রাঃস্বাঃপঃ/ফেপী/গ্রামডাক্তার প্রশিক্ষণ/২০১৯/৭৫৪ তারিখ ২৬/০২/২০২০ ইং

উপর্যুক্ত বিষয় ও সূত্রের মাধ্যমে বাংলাদেশ প্রাথমিক চিকিৎসক ইনস্টিটিউট মেডিকেল সার্ভিস লিঃ কে উপজেলা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তার কার্যালয়, সদর, নারায়নগঞ্জ গ্রাম ডাক্তারদের পেশাগত দক্ষতা বৃদ্ধির নিমিত্তে রিফ্রেশার প্রশিক্ষণ পরিচালনার করার জন্য অনুমতি প্রদান করা হয়েছিল, কিন্তু করোনা ভাইরাসের কারণে নির্ধারিত সময়ে প্রশিক্ষণ কার্যক্রম করতে পারে নাই বলে চেয়ারম্যান, বাংলাদেশ প্রাথমিক চিকিৎসক ইনস্টিটিউট মেডিকেল সার্ভিস লিঃ ঐ মাধ্যমে জানিয়েছেন।

এমতাবস্থায় নিম্নলিখিত শর্ত মোতাবেক ০১/১১/২০২০ ইং তারিখ থেকে ২১ কর্মদিবসে রিফ্রেশার প্রশিক্ষণ পরিচালনা করার পুনরায় অনুমতি প্রদান করা হলোঃ

রিফ্রেশার প্রশিক্ষণ পরিচালনায় পরিচালক, পিএইচসি, স্বাস্থ্য অধিদপ্তর এর সাথে স্বাক্ষরিত সমঝোতা স্মারকের সকল শর্ত ও নির্দেশনা প্রতিপালন করতে হবে।

উল্লেখ্য-

১. গ্রাম ডাক্তারদের প্রশিক্ষণ-এর যাবতীয় ব্যয়ভার সংশ্লিষ্ট প্রশিক্ষণ আয়োজক সংস্থা/সমিতি কর্তৃক তাদের নিজস্ব ব্যবস্থাপনায় বহন করতে হবে এবং এতে সরকারী কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
২. প্রশিক্ষণে স্বাস্থ্য অধিদপ্তরের কারিকুলাম অনুমোদন কমিটি কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ সহায়িকা ব্যবহার করতে হবে।
৩. স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানে ইতিপূর্বে মৌলিক প্রশিক্ষণ প্রাপ্ত ও নিবন্ধিত গ্রাম ডাক্তারদেরকেই রিফ্রেশার প্রশিক্ষণ প্রদান করতে হবে। নতুনভাবে গ্রাম ডাক্তার তৈরী করার জন্য প্রশিক্ষণ প্রদান করা যাবে না।
৪. সরকারী/বেসরকারী মেডিকেল গ্রাজুয়েট প্রশিক্ষক হিসাবে প্রশিক্ষণ দান করবেন।
৫. প্রশিক্ষণ এ প্রাপ্ত সনদ কোন ডিগ্রী হিসাবে ব্যবহার করা যাবে না এবং প্রদর্শিত সাইন বোর্ডে ডিগ্রী হিসাব লেখা যাবে না।
৬. সংযুক্ত চেকালট মোতাবেক প্রশিক্ষণের মান পারদর্শন করা হবে।
৭. স্বাস্থ্য বিধি মেনে স্বল্প পরিসরে সামাজিক দূরত্ব বজায় রেখে গ্রাম ডাক্তার/পল্লী চিকিৎসকদের রিফ্রেশার প্রশিক্ষণ পরিচালনা করতে হবে।
৮. নোডেল করোনা, ডেঙ্গু ও চিকনগুনিয়া প্রতিরোধে করণীয় বিষয়ে গ্রাম ডাক্তারদের প্রশিক্ষণ প্রদান করতে হবে।
৯. অনুমোদন জারীর ১(এক) মাসের মধ্যে প্রশিক্ষণ শুরু করতে হবে এবং ২(দুই) মাসের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম শেষ করতে হবে। অনুমোদন জারীর ২(দুই) মাসের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম শেষ করতে না পারলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

M. Begum 25.10.2020

(ডাঃ মাহমুদা বেগম)

পরিচালক, (ভারপ্রাপ্ত)

প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

১. মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দুঃআঃ সহঃ- পরিচালক, সমন্বয়।
২. পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ।
৩. সহকারী পরিচালক, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।